বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩

## উপজেলা সমবায় কার্যালয়
## ঈশ্বরদী, পাবনা।

**উপদেষ্টা**

**আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক**
উপজেলা সমবায় অফিসার
ঈশ্বরদী, পাবনা।

**সম্পাদনা**

**মোঃ আব্দুল আলিম**
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
ঈশ্বরদী, পাবনা।


**প্রকাশকাল**
১৫ অক্টোবর-২০২৩ খ্রিঃ

**প্রকাশনায়**
উপজেলা সমবায় কার্যালয়
ঈশ্বরদী, পাবনা।

**মুদ্রন, ডিজাইন ও বাইন্ডিং**



**আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক**
উপজেলা সমবায় অফিসার
ঈশ্বরদী, পাবনা।
মোবাইলঃ ০১৭১৫-৬৩৬১৩৯
ই-মেইল: uco_iswardi@yahoo.com



**কপিরাইট**
সংরক্ষিত
উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা।




"আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে উন্নত জীবনের অধিকরী হবে-এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলকে অত্যান্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।"

জাতীর পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান



“এটা পরীক্ষিত যে বহুমুখী গ্রাম সমবায় আমরা যদি গড়ে তুলতে পারি, বাংলাদেশে কোন দারিদ্র থাকবে না।”

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঈশ্বরদী, পাবনা।

# বাণী

উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা এর ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। ১৯০৪ সাল থেকে এই উপমহাদেশে সমবায় আন্দোলন আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। স্বাধীনতা পরবর্তী সময়ে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায়কে সম্পদের মালিকানার দ্বিতীয় খাত হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে সন্নিবেশীত করেন।

সমবায় সমিতির মূল কাজ হলো ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় একত্রীভূত করে পুঁজি গঠন, লাভজনক বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন করা। এরই ধারাবাহিকতায় উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা এর তত্বাবধানে বর্তমানে অত্র উপজেলায় ১৯৩টি বিভিন্ন শ্রেণীভুক্ত সমবায় সমিতি এলাকার আর্থ-সামাজিক উন্নয়নে সমবায় আইন ও বিধির আলোকে কাজ করে যাচ্ছে।

জাতীর পিতার সমবায় ভাবনার আলোকে “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” শ্লোগানটি ধারণ করে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আরও এগিয়ে যাবে বলে আমি বিশ্বাস করি। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দুর্বার গতিতে দেশ এগিয়ে যাচ্ছে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত সমৃদ্ধ দেশে পরিণত হবে। এই লক্ষ্যকে সামনে রেখে “ সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” প্রতিপাদ্যের সফলতা কামনা করছি।

জয় বাংলা
জয় বঙ্গাবন্ধু

১৫/১০/২০২৩
মোঃ নায়েব আলী বিশ্বাস



উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী, পাবনা।

# বাণী

একটি সুখী সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার দারিদ্র বিমোচনকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করেছে। সমবায় অধিদপ্তরের আওতাধীন ঈশ্বরদী উপজেলা সমবায় বিভাগ অত্র উপজেলার দারিদ্র বিমোচন, আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে সমবায় ভিত্তিক কার্যক্রম পরিচালনা এবং অব্যাহতভাবে পিছিয়ে পড়া নারী, পুরুষ, মৎস্যজীবী, কৃষকসহ বিভিন্ন জনগোষ্ঠী নিয়ে সমবায় সমিতি গঠন ও প্রশিক্ষণ প্রদান ও পুঁজি গঠনে সহায়তার মাধ্যমে কাজ করে যাচ্ছে।

সরকারের প্রতিটি দপ্তর প্রতি বছর তার কর্মকান্ডের উপর বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করে থাকে। এরই ধারাবাহিকতায় উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা এর বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশিত হতে যাচ্ছে। প্রতিবেদনটিতে অত্র উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের পরিধি হিসাবে সমবায় সমিতিগুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত, তহবিল, দাদনকৃত ঋণ, আদায়কৃত ঋণের তথ্যসহ সমবায় দপ্তরের সার্বিক কর্মকান্ড ও সমবায়ী জনগনের সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

প্রকাশনাটি উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা এর কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং উক্ত দপ্তরের সেবা প্রদান বিষয়ে সাধারণ জনগন ও সমবায়ীগণ উপকৃত হবে বলে আমি বিশ্বাস করি। প্রতিবেদন প্রণয়নের জন্য সংশ্লিষ্টদের জানাই আন্তরিক ধন্যবাদ। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দুর্বার গতিতে দেশ এগিয়ে যাচ্ছে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত সমৃদ্ধ দেশে পরিণত হবে। এই লক্ষ্যকে সামনে রেখে " সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ" প্রতিপাদ্যের সফলতা কামনা করছি।

১৫/১০/২০২৩
সুবীর কুমার দাশ



জেলা সমবায় অফিসার
পাবনা।

# বাণী

বঙ্গাবন্ধুর "সোনার বাংলা" গড়ার লক্ষ্যে সাধারণ মানুষের আর্থ সামাজিক উন্নয়নে সমবায় বিভাগ সারাদেশে তাদের কার্যক্রম পরিচালনা করছে। সমবায় সংগঠনের মাধ্যমে দেশের, কৃষিপণ্য উৎপাদনসহ ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের এবং মৎস্য, দুগ্ধ উৎপাদনের মাধ্যমে অর্থনৈতিক অবদান রেখে চলছে। অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে।

পাবনা জেলার একটি ঐতিহ্যবাহী উপজেলার নাম ঈশ্বরদী। এই উপজেলার কৃষি, মৎস্য ও দুগ্ধ উৎপাদনে সুখ্যাতি থাকার কারণে এবং বাণিজ্যিক অঞ্চল হওয়াতে এখানে গড়ে উঠেছে  অনেক সমবায় সমিতি। ঈশ্বরদী উপজেলা সমবায় দপ্তর এখানে গড়ে উঠা সমবায় সংগঠনগুলোকে নিয়ে কৃষি ও প্রাণিজ আমিষ উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণের মাধ্যমে স্থানীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। সমবায় বিভাগ চতুর্থ শিল্প বিপ্লবের অংশীদার হতে পেরে আমি গর্বিত।

উপজেলা সমবায় দপ্তর, ঈশ্বরদী, পাবনা প্রথম বারের মতো বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। প্রতিবেদটিতে অত্র উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের পরিধি হিসাবে সমবায় সমিতিগুলোর সার্বিক কর্মকান্ড ও সমবায়ী জনগণের সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় তথ্য সন্নিবেশীত হয়েছে।

প্রকাশনাটি উপজেলা সমবায় দপ্তর, ঈশ্বরদী, পাবনা এর কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং উক্ত দপ্তরের সেবা প্রত্যাশী সাধারণ জনগন ও সমবায়ীগণ উপকৃত হবে বলে আমি বিশ্বাস করি। যাদের প্রচেষ্টা ও পরিশ্রমের ফলে এই প্রতিবেদ প্রণয়ন সম্ভব হয়েছে তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দুর্বার গতিতে দেশ এগিয়ে যাচ্ছে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত সমৃদ্ধ দেশে পরিণত হবে। এই লক্ষ্য সামনে রেখে " সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ" প্রতিপাদ্যের সফলতা কামনা করছি।

১৫.১০.২০২৩
(সোলাইমান বেগ)



উপজেলা সমবায় অফিসার
ঈশ্বরদী, পাবনা।

# মুখবন্ধ

উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা এর আওতায় নিবন্ধিত সমবায় সমিতিসমূহ অত্র উপজেলার আর্থ-সামাজিক অগ্রগতি অর্জনে দীর্ঘদিন যাবৎ প্রসংশনীয় ভূমিকা পালন করে আসছে। উপজেলার বিভিন্ন পেশাভিত্তিক জনগোষ্টির মাধ্যমে সমবায় সমিতি গঠন পূর্বক তাদের ক্ষুদ্র ক্ষুদ্র ঋণ সঞ্চয়কে একত্রীভুত করে সমবায় আন্দোলন অর্থনৈতিক উন্নয়নের ভিত্তি স্থাপন করেছে। অত্র উপজেলার অর্থনৈতিক উন্নয়ন ও মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি ত্বরান্বিত করতে সমবায় আন্দোলনের বিকল্প নাই।

অত্র দপ্তরের জনগনের জন্য সেবার তথ্য সমবায়সমূহের সার্বিক কার্যক্রম, সমবায় সমিতির উৎপাদন, নারী সমবায়ীদের কর্মকান্ড তুলে ধরার জন্য প্রথম বারের মতো উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবানা ২০২২-২০২৩ খ্রিঃ সনের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে।

প্রতিবেদনটি সেবা গ্রহিতা জনগণ, সমবায়ী, গবেষক, সমবায় আন্দোলনের সহিত সম্পৃক্ত ব্যক্তিবর্গ স্থানীয় সাংবাদিকসহ সকল মহলের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি।

বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২২৩ খ্রিঃ সালের প্রনয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পদনার জন্য অত্র উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী পাবনার সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে, আন্তরিক অভিন্দন ও ধন্যবাদ জানাই।

প্রথম বার্ষিক প্রতিবেদন মুদ্রণ জনিত অনিচ্ছাকৃত ভুল-ত্রুটির জন্য ক্ষমাপ্রার্থী

১৫/১০/২০২৩
আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক

সমবায় সঙ্গীত



‘ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।

দুঃখ জয়ের নবীনমন্ত্র -‘সমবায়, সমবায়!

ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!

দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!

মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!

সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়!

মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,

মানুষ শুধু ই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?

জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে

আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায় ।।

দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে

এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে ।

সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে

মিলিয়াছি আসি-রবে না জগতে প্রবলের অন্যায়।।

| সূচীপত্র | | |
|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
| ০১ | প্রারম্ভিক | ০১ |
| ০২ | ঈশ্বরদী উপজেলার পটভূমি | ০১ |
| ০৩ | জনবল কাঠামোঃ | ০২ |
| ০৪ | সিটিজেন চার্টারঃ | ০৩ |
| ০৫ | সমবায় সমিতির তথ্যঃ | ০৬ |
| ০৬ | ২০২২-২০২৩ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যাবলী | ০৮ |
| ০৭ | বিগত বৎসরের সাফল্য | ০৮ |
| ০৮ | জাতীয় সমবায় পুরুস্কার ২০২২ এর মনোনয়ন | ০৯ |
| ০৯ | ২০২২-২০২৩ সালের বার্ষিক পরিসংখ্যান | ১০ |
| ১০ | লভ্যাংশ বিতরণঃ | ১২ |
| ১৪ | সফল (দুগ্ধ শ্রেণীভুক্ত) সমবায় সমিতির সচিত্র প্রতিবেদনঃ | ১৩ |

## প্রারম্ভিকা

সমবায় এর আর্থ-সামাজিক দ্যোতনা বিচার করে বলা হয়ে থাকে ‘সমবায় সমিতি হচ্ছে সদস্যদের জন্য, সদস্যদের দ্বারা এবং সদস্যদের কল্যাণে পরিচালিত সংগঠন। বাংলার কৃষককে সুদখোর মহাজনদের শোষন থেকে বাঁচানোর মহৎ উদ্দেশ্যে এ উপমহাদেশে ১৯০৪ সালে সমবায় আন্দোলনের আনুষ্ঠানিক যাত্রা শুরু। বিভিন্ন চড়াই উৎরাই পেরিয়ে সময়ের প্রেক্ষাপটে কৃষির পাশাপাশি ক্ষুদ্র ব্যবসা, পরিবহন, পর্যটন, কুঠিরশিল্প, আবাসন, মৎস্য, দুগ্ধ, সঞ্চয়-ঋণদান, সার্বিক গ্রাম উন্নয়ন, পানি ব্যবস্থাপনা, তাঁত শিল্প ইত্যাদি ৩৫ শ্রেণির বিভিন্ন খাতে সমবায় পদ্ধতির বিস্তার ঘটেছে। এ সুদীর্ঘ পথপরিক্রমার ইতিহাস থেকেই বুঝা যায় সমবায় পদ্ধতির গ্রহণযোগ্যতা রয়েছে এবং ভবিষ্যতে তা আরো বৃদ্ধি হতে থাকবে। স্বাধীনতার পর যুদ্ধবিদ্ধস্ত বাংলাদেশকে পূর্ণগঠনের জন্য সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙালী জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায় পদ্ধতিকে গুরুত্ব দিয়েছিলেন। গ্রামীণ অর্থনীতির চাকা সচল করতে গ্রাম সমবায় গড়ার নির্দেশ প্রদান করেছিলেন। তিনি সমবায়ের মাধ্যমে স্বপ্নের সোনার বাংলা গড়তে চেয়েছিলেন। তাই সমবায়কে যথাযথ গুরুত্ব দিয়ে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে সম্পদের মালিকানার ২য় খাত হিসেবে অর্ন্তভূক্ত করেছেন।

### ঈশ্বরদী উপজেলার পটভূমি

বর্তমানে উত্তরাঞ্চলের প্রবেশদ্বার হিসেবে পরিচিত ‘‘ ঈশ্বরদী উপজেলা ’’ পাবনা জেলার মধ্যে একটি দ্বিতীয় গুরুত্বপূর্ণ উপজেলা। জনসংখ্যার দিক দিয়ে এটি পাবনা জেলার মধ্যে তৃতীয় বৃহত্তম উপজেলা। প্রাপ্ত তথ্য মতে ১৬ ডিসেম্বর, ১৯৪৯ খ্রিঃ তারিখে প্রথমে ‘‘ঈশ্বরদী থানা’’ হিসেবে এটি প্রতিষ্ঠা লাভ করে। প রবর্তীতে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড এবং দায়িত্বাবলী বৃদ্ধি পাওয়ায় ১৯৬০ সালে ‘‘ উন্নয়ন সার্কেল ’’ (আবগ্রেডেড থানা) হিসেবে পরিচিতি লাভ করে। সর্বশেষ ১৯৮৩ সালে ‘‘ ঈশ্বরদী উপজেলা ’’ হিসেবে এর নামকরণ করা হয়। ঈশ্বরদী উপজেলাটি পাবনা জেলার পশ্চিম প্রান্তে অবস্থিত। এর উত্তরে নাটোর জেলার বড়াইগ্রাম ও লালপুর উপজেলা , পশ্চিমে কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলা , দক্ষিণে কুষ্টিয়া সদর উপজেলা এবং পূর্বে পাবনা জেলার পাবনা সদর ও আটঘরিয়া উপজেলা। এ উপজেলার দক্ষিণ -পশ্চিম পার্শ্ব দিয়ে প্রবাহিত পদ্মানদী। ২৪±০৩র্ হতে ২৪±১৫র্ উত্তর অক্ষাংশে এবং এবং ৮৯±০র্ হতে ৮৯±১১র্ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে ১২.৯ মিঃ সমুদ্র সমতল থেকে উপরে উপজেলাটির অবস্থান।

ঈশ্বরদী উপজেলার নামকরণ নিয়ে নানা মতভেদ রয়েছে। নামকরণ সম্পর্কে তেমন কোন নির্ভরযোগ্য তথ্য পাওয়া যায়নি। তবে অধিকাংশের ম তে ঈশা খাঁর আমলে এ উপজেলার টেংরী গ্রামে ডেহী /কাচারী (Dehi/Kachari) ছিল। এখানে ঈশা খাঁর রাজস্ব কর্মচারীরা বসবাস করতেন এবং রাজস্ব আদায় করতেন। ঈশা খাঁ এখানে অনেকবার গমন করেছেন। সময়ের ব্যবধানে ঈশা খাঁ ( Isha Khan ) এর Isha এবং Dehi এই শব্দ দু’টির সমন্বয়ে পরিবর্তনের মাধ্যমে Ishwardi (ঈশ্বরদী) এর নামকরণ হয়। এই নামকরণটি বর্তমানে বেশী পরিচিত।

# জনবল কাঠামো

**আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক**
উপজেলা সমবায় অফিসার
ঈশ্বরদী, পাবনা।
মোবাইলঃ ০১৭১৫-৬৩৬১৩৯
ই-মেইল-uco_iswardi@yahoo.com



**সুফিয়া ইসলাম**
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
ঈশ্বরদী, পাবনা।
মোবাইলঃ ০১৭৪৮-৭৪৯৬৫৫
ই-মেইল-sufiaislamsomobay@gmail.com



**মোঃ আব্দুল আলিম**
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
ঈশ্বরদী, পাবনা।
মোবাইলঃ ০১৭২৬-৬৭০৩৩০
ই-মেইল-alim1684@yahoo.com



| অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | শুন্য |
|---|---|

মোঃ সোহেল রানা
অফিস সহায়ক
উপজেলা সমবায় কার্যালয়
ঈশ্বরদী, পাবনা।
মোবাইলঃ-০১৭১১-১০০২২৮
ই-মেইল-sohelranasomobay@gmail.com



| পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | বর্তমান কর্মরত পদের সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| উপজেলা সমবায় অফিসার | ১ | ১ | ০ | ১ | |
| সহকারী পরিদর্শক | ২ | ১ | ১ | ২ | |
| অফিস সহকারী কাম কম্পিউটর অপারেটর | ১ | ০ | ০ | ০ | |
| অফিস সহায়ক | ১ | ১ | ০ | ১ | |

## নাগরিকগণের জন্য প্রদত্ত বিশেষ সেবা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাস্তবায়নযোগ্য কৌশলসমূহের মাধ্যমে সেবা গ্রহণকারী নাগরিকদের বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে। সেবা গ্রহণকারীদের বসার সুব্যবস্থা করা হয়েছে। সমিতির অডিট, নির্বাচন, এজিএমসহ বিভিন্ন কার্যক্রম নাগরিকদের সহজে করার জন্য সর্বদা সহযোগিতা করা হয়ে থাকে। দপ্তরের ওয়েব পোর্টাল সর্বদা হালনাগাদ রাখা হচ্ছে।

সমবায় সমিতির অডিট, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সাধারণ সভা ও অডিট সংশোধনী দাখিলের নির্দিষ্ট সময়ে করণীয় নির্ধারিত কাজগুলো যথাসময়ে সম্পাদনের জন্য টেলিফোনে এবং পত্র প্রদানের মাধ্যমে স্টেক হোল্ডারদের অবহিত করা হচ্ছে।

সমবায় আইন ও বিধি মোতাবেক সমিতি পরিচালনার লক্ষ্যে স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবংসমিতি পর্যায়ে সমবায় নেতৃবৃন্দের মতবিনিময় সভার আয়োজন করা হচ্ছে।

সমিতির উৎপাদিত পণ্য বাজারজাত করণের জন্য অনলাইন ক্রয়-বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। সমবায় বিভাগ কো-অপারেটিভ টু কো-অপারেটিভ এর যোগাযোগ স্থাপনে এখানে সমন্বয়ক হিসাবে কাজ করছে।

তথ্য অধিকার আইন অবহিত করণ, দূর্নীতি দমন আইন অবহিত করণ, ডিজিটাল সেবা বিষয়ে অবহিত করা হচ্ছে।

## নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি
# (Citizen Charter)

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তি স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) | উর্ধ্বতন কর্মকর্তার পদবি, টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সকল প্রকার সমবায় নিবন্ধন উদ্বুদ্ধকরণ | অন্ততঃ প্রতি দুইটি মাসে একটি | - | - | বিনামূল্যে | ১) নাম : সুফিয়া ইসলাম<br>পদবী : সহকারী পরিদর্শক<br>মোবাইল : ০১৭৪৮-৭৪৯৬৫৫<br>ই-মেইল : sufiaislamsomobay@gmail.com<br>২) নাম : মোঃ আব্দুল আলিম<br>পদবী : সহকারী পরিদর্শক<br>মোবাইল: ০১৭২৬-৬৭০৩৩০<br>ই-মেইল: alim1684@yahoo.com | ১) নাম : আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক<br>পদবী : উপজেলা সমবায় অফিসার<br>ফোন : ০২৫৮৮৮৪৬৮৭০<br>ই-মেইল: uco_iswardi@yahoo.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তি স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) | উর্ধ্বতন কর্মকর্তার পদবি, টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২ | প্রকল্প/কর্মসূচি ভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন | ০৭-৬০ দিন | ১।সমবায় সমিতি বিধিমালাতে উল্লেখিত নির্ধারিত ফরমে আবেদন। <br>২। নিবন্ধন ফি ও ভ্যাট জমার ট্রেজারি চালানের মূলকপি। <br>৩। সদস্যদের জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদ, ০১ (এক) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি। <br>৪। সমবায় সমিতি আইন, বিধিমালা, উপ-আইন, সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা পালনের অঙ্গীকারনামা। <br>৫। সাংগঠনিক সভার শুরু থেকে আবেদনের তারিখ পর্যন্ত জম খরচ হিসাব। <br>৬। আগামী ০২ (দুই) বছরের প্রাক্কলিত বাজেট। <br>৭। সদস্যদের স্বাক্ষরিত প্রস্তাবিত উপ-আইনের ০৩ (তিন) কপি। <br>৮। সাংগঠনিক সভার কার্যবিবরণী। <br>৯। জমা-খরচ বিবরণীর সাথে শেয়ার ও সঞ্চয় খাতের তালিকা এবং হস্তে মজুদ সংরক্ষণ বিষয়ে প্রত্যয়ন । <br>১০। সমিতি নিবন্ধনের পর ২ মাসের মধ্যে যে কোন তফশীলি ব্যাংকে সমিতির নামীয় হিসাব খোলার অঙ্গীকার। | আবেদন পত্র এবং প্রয়োজনীয় কাগজ পত্র সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট **www.coop.gov.bd** থেকে অথবা উপজেলা সমবায় অফিসএর ওয়েব সাইট **cooparative.pabnasadar.pabna.gov.bd** থেকে অথবা উপজেলা সমবায় অফিস থেকে সংগ্রহ করা যায়। | নিবন্ধন ফি বাবদ ৩০০/ ৫০ টাকা এবং নিবন্ধন ফি এর ১৫% ভ্যাট ৪৫/০৮টাকা ট্রেজারী চালান মূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হয়। | ১) নাম : সুফিয়া ইসলাম <br>পদবী : সহকারী পরিদর্শক <br>মোবাইল : ০১৭৪৮-৭৪৯৬৫৫ <br>ই-মেইল : <br>sufiaislamsomobay@gmail.com <br>২) নাম : মো: আব্দুল আলিম <br>পদবী : সহকারী পরিদর্শক <br>মোবাইল: ০১৭২৬-৬৭০৩৩০ <br>ই-মেইল: alim1684@yahoo.com | ১) নাম : আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক <br>পদবী : উপজেলা সমবায় অফিসার <br>ফোন : ০২৫৮৮৮৪৬৮৭০ <br>ই-মেইল: <br>uco_iswardi@yahoo.com |
| ৩ | সমবায় সমিতির বার্ষিক হিসাব নিরীক্ষা | ১লা জুলাই হতে ৩১ শে মার্চ | সমিতির জুলাই থেকে জুন পর্যন্ত জমা খরচ হিসাব, লাভ লোকসান হিসাব, ব্যবসায়িক হিসাব, লাভক্ষতির আবন্টন হিসাব, উদ্বৃত্ত পত্র, শেয়ার সঞ্চয় , কর্জ ও অন্যান্য হিসাবের বিস্তারিত তালিকা, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৫৬ বিধি মোতাবেক সমিতির রেজিষ্টার ও বহিসমূহ। | উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা। | সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত নীটলাভের ১০% অডিট ফি, অডিট এর ভ্যাট ১৫% এবং ৩% সিডিএফ সরকারী কোষাগারে জমা প্রদান করতে হয়। | ১) নাম : সুফিয়া ইসলাম <br>পদবী : সহকারী পরিদর্শক <br>মোবাইল : ০১৭৪৮-৭৪৯৬৫৫ <br>ই-মেইল : <br>sufiaislamsomobay@gmail.com <br>২) নাম : মো: আব্দুল আলিম <br>পদবী : সহকারী পরিদর্শক <br>মোবাইল: ০১৭২৬-৬৭০৩৩০ <br>ই-মেইল: alim1684@yahoo.com | ১) নাম : আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক <br>পদবী : উপজেলা সমবায় অফিসার <br>ফোন : ০২৫৮৮৮৪৬৮৭০ <br>ই-মেইল: <br>uco_iswardi@yahoo.com |
| ৪ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | ০৩ কর্ম দিবস | ৫০,০০০/- টাকার কম শেয়ার মূলধন বিশিষ্ট সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের আবেদনপত্র/ সমবায় অফিসে রক্ষিত রেকর্ড পত্র | উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা। | বিনামূল্যে | ১) নাম : সুফিয়া ইসলাম <br>পদবী : সহকারী পরিদর্শক <br>মোবাইল : ০১৭৪৮-৭৪৯৬৫৫ <br>ই-মেইল : <br>sufiaislamsomobay@gmail.com <br>২) নাম : মো: আব্দুল আলিম <br>পদবী : সহকারী পরিদর্শক <br>মোবাইল: ০১৭২৬-৬৭০৩৩০ <br>ই-মেইল: alim1684@yahoo.com | ১) নাম : আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক <br>পদবী : উপজেলা সমবায় অফিসার <br>ফোন : ০২৫৮৮৮৪৬৮৭০ <br>ই-মেইল: <br>uco_iswardi@yahoo.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তি স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ই-মেইল) | উর্ধ্বতন কর্মকর্তার পদবি, টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৫ | সমবায় সমিতি পরিদর্শন | নির্ধারিত সময় সীমা নেই | সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৫৬ বিধি মোতাবেক সমিতির রেজিষ্টার ও বহিসমূহ এবং অন্যান্য যাবতীয় রেকর্ডপত্র | উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা। | বিনামূল্যে | ১) নাম : সুফিয়া ইসলাম<br>পদবী : সহকারী পরিদর্শক<br>মোবাইল : ০১৭৪৮-৭৪৯৬৫৫<br>ই-মেইল : sufiaislamsomobay@gmail.com<br>২) নাম : মো: আব্দুল আলিম<br>পদবী : সহকারী পরিদর্শক<br>মোবাইল: ০১৭২৬-৬৭০৩৩০<br>ই-মেইল: alim1684@yahoo.com | ১) নাম : আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক<br>পদবী : উপজেলা সমবায় অফিসার<br>ফোন : ০২৫৮৮৮৪৬৮৭০<br>ই-মেইল: uco_iswardi@yahoo.com |
| ৬ | আশ্রয়ন ও অন্যান্য প্রকল্পের ঋণ কার্যক্রম | ৩০ দিন | নির্ধারিত ফরমে প্রকল্প কমিটির সভাপতি বরাবেও আবেদন | উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা। | বিনামূল্যে | ১) নাম : সুফিয়া ইসলাম<br>পদবী : সহকারী পরিদর্শক<br>মোবাইল : ০১৭৪৮-৭৪৯৬৫৫<br>ই-মেইল : sufiaislamsomobay@gmail.com<br>২) নাম : মো: আব্দুল আলিম<br>পদবী : সহকারী পরিদর্শক<br>মোবাইল: ০১৭২৬-৬৭০৩৩০<br>ই-মেইল: alim1684@yahoo.com | ১) নাম : আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক<br>পদবী : উপজেলা সমবায় অফিসার<br>ফোন : ০২৫৮৮৮৪৬৮৭০<br>ই-মেইল: uco_iswardi@yahoo.com |
| ৭ | ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান | ০১ দিন | উপজেলা সমবায় অফিসার বরাবরে আবেদন | উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা। | প্রশিক্ষণ গ্রহণের জন্য সমবায় সদস্যদের কোন ফি প্রদান করতে হয় না। সরকারী অর্থায়নে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা প্রশিক্ষণ উপকরণ এবং দুপুরের খাবার প্রদান করা হয়। | ১। নাম : মো: আনিছুর রহমান, প্রশিক্ষক<br>২। সহকারী প্রশিক্ষক/ সহকারী পরিদর্শক<br>৩। ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট জেলা সমবায় কার্যালয়, পাবনা। | ১) নাম : আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক<br>পদবী : উপজেলা সমবায় অফিসার<br>ফোন : ০২৫৮৮৮৪৬৮৭০<br>ই-মেইল: uco_iswardi@yahoo.com |
| ৮ | বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটে প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণের মেয়াদ ০৫ দিন থেকে ১৫ দিন | উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রশিক্ষণের জন্য উপযুক্ত সমবায় সদস্যদের মনোনয়ন | উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা। | প্রশিক্ষণ গ্রহণের জন্য সমবায় সদস্যদের কোন ফি প্রদান করতে হয়না। প্রশিক্ষণ ইন্সটিটিউট হতে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা প্রশিক্ষণ উপকরণ এবং যাতায়াত ভাতা দেওয়া হয়। বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট এর হোস্টেলে সমবায়ীদের বিনামূল্যে থাকা ও খাওয়ার ব্যবস্থা রয়েছে। | ১) নাম : সুফিয়া ইসলাম<br>পদবী : সহকারী পরিদর্শক<br>মোবাইল : ০১৭৪৮-৭৪৯৬৫৫<br>ই-মেইল : sufiaislamsomobay@gmail.com<br>২) নাম : মো: আব্দুল আলিম<br>পদবী : সহকারী পরিদর্শক<br>মোবাইল: ০১৭২৬-৬৭০৩৩০<br>ই-মেইল: alim1684@yahoo.com | ১) নাম : আকন্দ রাব্বেউল্লাহ্ মানিক<br>পদবী : উপজেলা সমবায় অফিসার<br>ফোন : ০২৫৮৮৮৪৬৮৭০<br>ই-মেইল: uco_iswardi@yahoo.com |

## সমবায় সমিতির তথ্যঃ

বর্তমানে ঈশ্বরদী উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ২২৯ টি যার ব্যাক্তি সদস্য সংখ্যা ১৭৭৫৪ জন এবং মোট সম্পদের পরিমাণ প্রায় ২৪৯৮.৬৩ লক্ষ টাকা। এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠির মাঝে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। অন্যদিকে কৃষিজাত শিল্পায়ন ও মৎস্যখাতের পাশাপাশি দুগ্ধখাতে সমবায়ের কার্যক্রম ক্রমেই বিস্তৃতি ঘটছে। জেলার পানি সম্পদের সুষ্ঠু ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পানি সম্পদ অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থানায় সুফলভোগীদের সমন্বয়ে অত্র জেলায় রয়েছে ০১টি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি। প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে আশ্রয়হীন ও ভূমিহীন জনগোষ্ঠিকে ভূমি ও বাসস্থান বরাদ্দ দিয়ে জেলার জনশক্তির মূলধারায় সংযুক্ত করার প্রয়াসে গড়ে উঠেছে ০৮ টি আশ্রয়ণ সমবায় সমিতি। উল্লেখ্য যে, এ প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অগ্রাধিকার প্রকল্পের অন্যতম। সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি গ্রামের সকল মানুষকে একত্রিত করে গ্রামের অনাবিস্কৃত সম্ভাবনাগুলোকে উন্মোচন করে স্থানীয় সম্পদ সৃষ্টিতে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে।

দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে পাবনা ঈশ্বরদী উপজেলা সমবায় দপ্তরের মাধ্যমে সমবায়ীদের এবং কর্মচারি বৃন্দের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন বিষয়ে ইন-হাউজ, ভ্রাম্যমাণ ও আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়া জেলা সমবায় কার্যালয়, পাবনা এর কার্যাবলীর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সমবায় সমিতি আইন ও বিধিমালার আলোকে নতুন নতুন সমবায় সমিতি নিবন্ধন, নিবন্ধিত সমবায় সমিতিসমূহের হিসাব নিরীক্ষণ, পর্যালোচনা, সমবায় সমিতির নির্বাচন, বিরোধ নিস্পত্তি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ইত্যাদি। প্রকাশনাটি উপজেলা সমবায় দপ্তর, ঈশ্বরদী, পাবনা এর কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং উক্ত দপ্তরের সেবা প্রত্যাশী সাধারণ জনগন ও সমবায়ীগণ উপকৃত হবে।

## সমবায় সমিতির গুরুত্বপূর্ণ পরিসংখ্যান (২০২২-২০২৩)

১। মোট সমবায় সমিতি ও সদস্য সংখ্যাঃ

| বিবরণ | কেন্দ্রীয় সমিতি | প্রাথমিক সমিতি | মোট |
|---|---|---|---|
| ১। সমিতির সংখ্যা | ০২ | ২২৯ | ২৩১ |
| ২। ব্যক্তি সদস্য | পুরুষ | মহিলা | মোট |
| | ১২৮৩১ | ৪৯০৩ | ১৭৭৩৪ |

২। সমবায় সমিতির মূলধন: (লক্ষ টাকায়)

| বিবরণ | কেন্দ্রীয় সমিতি | প্রাথমিক সমিতি | মোট |
|---|---|---|---|
| ক) শেয়ার মূলধন | ২৫.৩৯ | ১৬৯.৮৯ | ১৯৫.২৮ |
| খ) সঞ্চয় আমানত | ৬২.৪৫ | ১৫০১.৫৫ | ১৫৬৪ |
| গ) সংরক্ষিত তহবিল | ৮৪৫.১৬ | ৮১.১২ | ৯২৬.২৮ |

৩। সমবায় সমিতির কার্যকরী মূলধন: (লক্ষ টাকায়)

| বিবরণ | কেন্দ্রীয় সমিতি | প্রাথমিক সমিতি | মোট |
|---|---|---|---|
| কার্যকরী মূলধন | ৯৩২.৯২ | ১৯৮৬ | ২৯১৯ |

৪। সমবায় প্রশিক্ষণ: (জন)

| নাম | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট | ০৪ | ১০০ |

৫। সমিতি নিবন্ধন :

| কেন্দ্রীয় সমিতি | প্রাথমিক সমিতি | মোট |
|---|---|---|
| ০ | ০৬ | ০৬ |

০৬। সমিতির নিবন্ধন বাতিল:

| কেন্দ্রীয় সমিতি | প্রাথমিক সমিতি | মোট |
|---|---|---|
| ০ | ৩৬ | ৩৬ |

০৭। সমিতির অডিট (কার্যকর):

| সমিতির শ্রেণি | অডিটযোগ্য সমিতির সংখ্যা | অডিটকৃত সমিতির সংখ্যা |
|---|---|---|
| কেন্দ্রীয় সমিতি | ০২ | ০২ |
| প্রাথমিক সমিতি | ২৬১ | ২৬১ |
| মোট | ২৬৩ | ২৬৩ |

০৮। অডিট ফি, নিবন্ধন ফি, ভ্যাট ও সিডিএফ আদায়:

| | |
|---|---|
| অডিট ফি আদায় | ৭০,৩২০/-টাকা |
| নিবন্ধন ফি আদায় | ১,০৫০/-টাকা |
| ভ্যাট | ১০,৭০৬/-টাকা |
| সিডিএফ আদায় | ২৩,০৭৬/-টাকা |

০৯। লভ্যাংশ বিতরণ: (লক্ষ টাকায়)

| লভ্যাংশ বিতরণকৃত সমিতির সংখ্যা | বিতরণকৃত লভ্যাংশ |
|---|---|
| ১৭ | ০.৭৬ |

১০। আশ্রয়ণ সমবায় সমিতি (০৮ টি)

| ক্রমিক নম্বর | আশ্রয়ণ সমবায় সমিতির নাম |
|---|---|
| ০১ | নওদাপাড়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প |
| ০২ | নওদাপাড়া আশ্রয়ণ-২ প্রকল্প |
| ০৩ | ভবানীপুর আশ্রয়ণ প্রকল্প |
| ০৪ | বাগহাছলা আশ্রয়ণ প্রকল্প |
| ০৫ | রামচন্দ্রপুর বহরপুর আশ্রয়ণ প্রকল্প |
| ০৬ | বহরপুর-১ আশ্রয়ণ-২ প্রকল্প |
| ০৭ | বহরপুর-২ আশ্রয়ণ-২ প্রকল্প |
| ০৮ | কামালপুর আশ্রয়ণ-২ প্রকল্প |

## ২০২২-২৩ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যাবলি

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী, পাবনা বিগত বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ বিভাগে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত অর্থবছরে প্রকল্প সহ ০৬টি নতুন সমবায় সমিতি গঠন এবং ১২০ জন কে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ২০২২-২৩ সালে ( ২০২১-২০২২ সালের) ২৬১ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১০০ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ১৫০ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ এবং আদায় করা হয়েছে।

### বিগত বৎসরের সাফল্য

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে ঈশ্বরদী উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, ঈশ্বরদী এর আওতাধীন নিবন্ধিত সমবায় এর সংখ্যা ২২৯ টি। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমেপূর্ণ বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষার মাধ্যমে নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে। ০৮

## বিগত বছরের সাফল্য সমূহ নিম্নরুপ;

(ক) বিভিন্ন শ্রেণী পেশার জনগোষ্ঠী সমবায়ের মাধ্যমে একত্রিত হয়ে সম্মিলিত মূলধন গড়ে তুলেছে। বর্তমানে ০২টি কেন্দ্রীয় এবং ২২৯ টি প্রাথমিক (সাধারণ) ও ৩০৫টি (পউবো) মোট ৫৩৪টি সমবায় সমিতির ১৯৫.২৮ লক্ষ্য টাকা মূলধন গঠিত হয়েছে;

(খ) সমবায় থেকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণ করে প্রান্তিক জনগন সাবলম্বী হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে মোট ২১ জন সমবায়ী প্রশিক্ষণ গ্রহণ করেছেন;

(গ) ২০২১-২২ অর্থ বছরে অডিট ফি বাবদ ৭০৩২০ লক্ষ টাকা সরকারি রাজস্ব আদায় করা হয়েছে;

(ঘ) ২০২১-২২ অর্থ বছরে সমবায় উন্নয়ন তহবিলে ২৩০৭৬ টাকা আদায় করা হয়েছে;

(ঙ) আশ্রয়ণ সমবায় সমিতির সদস্যদের ঋণ বিতরণ ও বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে।

(চ) ২০২১-২২ অর্থ বছরে ১১৯৮৪ জন সদস্যর মধ্যে ৫.৬০১০৯ লক্ষ টাকা লভ্যাংশ বিতরণ হয়েছে;

(ছ) ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ১০০ জন সদস্যকে কৃষি, পশুপালন, মৎস্যচাষ ও সমবায় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে;

(জ) সমিতি গুলির সফল কার্য ক্রমের প্রেক্ষিতে ইতোমধ্যে ০৫টি সমবায় সমিতি তাদের নিজস্ব অর্থায়নে সমিতির নামীয় জমি ক্রয় এবং নিজস্ব অফিস ঘর নির্মাণ করেছে। অফিস ঘরের সাথেই সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য বিক্রয়ের জন্য বিক্রয় শেড রয়েছে। সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য পরিবহণের জন্য সমিতির অর্থায়নে মিনি ট্রাক ক্রয় করেছে। সমিতির সদস্যদের উৎপাদিত শাকসব্জি, ডিম, শষ্য বিভিন্ন হাট ও বাজারে পরিবহনের জন্য ট্রাকটি ব্যবহার করা হচ্ছে;

(ঝ) উৎপাদনমুখী ও টেকসই সমবায় গঠনের লক্ষ্যে বিদ্যমান সমবায় সমিতিগুলিকে উদ্বুদ্ধ করণ সহ নতুন সমবায় গঠণের প্রচেষ্টা চলছে।

(ঞ) উপজেলার মৎস্য সমবায়গুলোর মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

## জাতীয় সমবায় পুরষ্কার ২০২২ এর মনোনয়ন

ঈশ্বরদী উপজেলা হতে নিম্নবর্ণিত ০২টি সমিতিকে জাতীয় সমবায় পুরষ্কার ২০২২ এর জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে।

| শ্রেণি | সমবায় সমিতির নাম | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| দুগ্ধ সমবায় | পাকুড়িয়া প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ, | ৮৬ |
| মহিলা সমবায় | রূপালী মহিলা সমবায় সমিতি লিঃ, | ৮৮ |

# ২০২২-২০২৩ সালের বার্ষিক পরিসংখ্যান

| ক্র:নং | সমিতির শ্রেণী | সমিতির সংখ্যা | | | | সদস্য সংখ্যা (কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বছরের শুরুতে | নিবন্ধন | বাতিল | বর্তমান বছর শেষে মোট সমিতির সংখ্যা (৩+৪)-৫ | বছরের শুরুতে | বর্তমান বছরে হ্রাস | বর্তমান বছরে বৃদ্ধি | বর্তমান বছর শেষে মোট সদস্য সংখ্যা (৭-৮)+৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | **কেন্দ্রীয় (সাধারন) ঃ** | | | | | | | | |
| ১ | কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ | - | - | - | - | - | - | - | - |
| ২ | কেন্দ্রীয় মৎস্যজীবি সমবায় সঃ লিঃ | - | - | - | - | - | - | - | - |
| ৩ | কেন্দ্রীয় তাঁতী সমবায় সমিতি লিঃ | - | - | - | - | - | - | - | - |
| | মোট = | - | - | - | - | - | - | - | - |
| | **কেন্দ্রীয় (বি,আর,ডি,বি)ঃ** | | | | | | | | |
| ১ | উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন | ১ | ০ | ০ | ১ | ১২২ | ০ | ০ | ১২২ |
| ২ | কেন্দ্রীয় বিত্তহীন সমবায় সমিতি লি: | ১ | ০ | ০ | ১ | ১৮৩ | ০ | ০ | ১৮৩ |
| | মোট = | ২ | ০ | ০ | ২ | ৩০৫ | ০ | ০ | ৩০৫ |
| | সর্বমোট (কেন্দ্রীয়) = | ২ | ০ | ০ | ২ | ৩০৫ | ০ | ০ | ৩০৫ |
| | **প্রাথমিক (সাধারণ) ঃ** | | | | | | | | |
| ১ | প্রা: কৃষি ও কৃষক সমবায় সমিতি লিঃ | ২ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ |
| ২ | প্রাঃ মৎস্যজীবী/মৎসচাষী স:সমিতি লিঃ | ৭ | ০ | ০ | ৭ | ০ | ০ | ০ | ০ |
| ৩ | প্রাঃ শ্রমিক ও শ্রমিক কল্যাণ সঃ সঃ লিঃ | ৭ | ০ | ০ | ৭ | ০ | ০ | ০ | ০ |
| ৪ | প্রা: মৃৎশিল্প সমবায় সমিতি লিঃ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৫ | প্রাঃ তাঁতী সমবায় সমিতি লিঃ | ১ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ৬ | প্রা: বিত্তহীন সমবায় সমিতি লিঃ | ২ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ |
| ৭ | প্রাঃ মহিলা সমবায় সমিতি লিঃ | ১৯ | ০ | ০ | ১৯ | ০ | ০ | ০ | ০ |
| ৮ | প্রা:অটো, মটর ট্রাক,ও,টেংক লরি চালক | ১ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ৯ | প্রাঃ মটর মালিক ও শ্রমিক সঃ লিঃ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১০ | প্রাঃ কর্মচারী /চাকুরীজীবি সঃসঃ লিঃ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১১ | প্রাঃ মুক্তিযোদ্ধা সমবায় সমিতি লিঃ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১২ | প্রাথমিক যুব সমবায় সমিতি লিঃ | ৩ | ০ | ০ | ৩ | ০ | ০ | ০ | ০ |
| ১৩ | প্রা:দোকান মালিক/ব্যবসায়ী/মার্কেট | ৪ | ০ | ০ | ৪ | ০ | ০ | ০ | ০ |
| ১৪ | প্রা: ভোগ্যপন্য সমবায় সমিতি লিঃ | ১৫ | ০ | ০ | ১৫ | ০ | ০ | ০ | ০ |
| ১৫ | প্রা: সঞ্চয় ও ঋনদান স:সমিতি লিঃ | ১৯ | ০ | ০ | ১৯ | ০ | ০ | ০ | ০ |
| ১৬ | প্রা: বহুমূখী সমবায় সমিতি লিঃ | ২২ | ০ | ০ | ২২ | ০ | ০ | ০ | ০ |
| ১৭ | প্রা: সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ | ২ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ |
| ১৮ | অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি লিঃ | ৫ | ০ | ০ | ৫ | ০ | ০ | ০ | ০ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট = | ১০৯.০০ | ০ | ০ | ১০৯.০০ | ০ | ০ | ০ | ০ |
| | **<u>প্রাথমিক (বিআরডিবি) ঃ</u>** | | | | | | | | |
| ১ | কৃষক সমবায় সমিতি লিঃ | ১১৮ | - | - | ১১৮ | - | - | - | - |
| ২ | মহিলা সমবায় সমিতি লিঃ | ০৪ | - | - | ০৪ | - | - | - | - |
| ৩ | বিত্তহীন সমবায় সমিতি লিঃ | ৩৬ | - | - | ৩৬ | - | - | - | - |
| ৪ | মহিলা বিত্তহীন সমবায় সমিতি লিঃ | ১৪৭ | - | - | ১৪৭ | - | - | - | - |
| | মোট = | ৩০৫ | - | - | ৩০৫ | - | - | - | - |
| | বিভিন্ন দপ্তরের/ উন্নয়ন প্রকল্পের আওতায়/সুপারভাইজড প্রোগাম ঃ | | | | | | | | |
| ১ | GjwRBwW t **cvwb e¨e¯'vcbv mt mt wjt** | ১ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ১ | **<u>সমবায় অধিদপ্তর ঃ</u>** সার্বিক গ্রাম উন্নয়ন | ৬০ | ০ | ০ | ৬০ | ০ | ০ | ০ | ০ |
| ১ | **<u>সিআইজি (কৃষি)</u>** | ২৫ | ০ | ০ | ২৫ | ০ | ০ | ০ | ০ |
| ১ | **<u>সিআইজি (মৎস্য)</u>** | ১২ | ০ | ০ | ১২ | | | | |
| ১ | সিআইজি(প্রাণী) | ০ | ০১ | ০ | ০১ | | | | |
| ১ | **<u>মিল্ক ভিটা ঃ</u>** প্রাঃ দুগ্ধ সঃ সঃ লিঃ | ০৮ | ০ | ০ | ০৮ | ০ | ০ | ০ | ০ |
| | **<u>মোট</u>** | ১০৬ | ০১ | ০ | ১০৭ | | | | |
| | **<u>প্রধানমন্ত্রীর দপ্তর ঃ</u>** | | | | | | | | |
| ১ | আশ্রায়ন স:স:লি: | ৩ | ০ | ০ | ৩ | ০ | ০ | ০ | ০ |
| ২ | আশ্রায়ন (ফেইজ ২) স:স:লি: | ১ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ৩ | আশ্রয়ন-২ | ৪ | ০ | ০ | ৪ | ০ | ০ | ০ | ০ |
| | মোট = | ৮ | ০ | ০ | ৮ | ০ | ০ | ০ | ০ |
| | **<u>সমবায় ব্যাংক ঃ</u>** | | | | | | | | |
| ১ | প্রাথমিক জমি বন্ধকী ব্যাংক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২ | প্রাঃ ইউনিয়ন বহুমূখী সঃ সঃ লিঃ | ০৪ | ০ | ০ | ০৪ | ০ | ০ | ০ | ০ |
| ৩ | প্রাথমিক কৃষি সমবায় সমিতি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | মোট = | ০৪ | ০ | ০ | ০৪ | ০ | ০ | ০ | ০ |
| ১ | **<u>কালবভূক্তঃ</u>** প্রাঃ সঞ্চয় ও ঋণদান স:স: | ১ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ |
| | সর্বমোট (বিভিন্ন দপ্তর/উন্নয়ন প্রকল্প) = | ১১৯ | ০ | ০ | ১১৯ | ০ | ০ | ০ | ০ |
| | সর্বমোট (প্রাথমিক+কেন্দ্রীয়) = | ৪১৬ | ০১ | ০ | ৪১৭ | ০ | ০ | ০ | ০ |
| | সর্বমোট (কেন্দ্রীয়+ প্রাথমিক) = | ৫৩৫ | ০১ | ০ | ৫৩৬ | ৩০৫ | ০ | ০ | ৩০৫ |

# ঈশ্বরদী উপজেলাধীন ১৭টি সমবায় সমিতির লভ্যাংশ বিতরণের তালিকা

লভ্যাংশ বন্টনযোগ্য সমবায় সমিতির তালিকা (ক্যাটাগরি ভিত্তিক)

( ২০২১-২০২২ সালের অডিট নোটের ভিত্তিতে )

| ক্র: নং: | আইডি | সমিতির নাম | রেজি: নং | তারিখ | উপজেলা | জেলা | নীট লাভ | লভ্যাংশ ধার্য | লভ্যাংশ বিতরণের পরিমান | লভ্যাংশ গ্রহণকৃত সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৭৬৩৯০০১৮০ | মাঝাদিয়া নদীভাঙ্গা মৎস্যজীবি স.স.লি. | ৬৮ | ১০/০৩/১০ | ঈশ্বরদী | পাবনা | ২০০০ | ১৩০০ | ১৩০০ | ৫৫ |
| ২ | ৭৬৩৯০০১৮৪ | সাড়াঘাট মৎস্যজীবি স.স.লি. | ১৬৫ | ২৯/০৯/০৯ | ঈশ্বরদী | পাবনা | ২৫০০ | ১৬২৫ | ১৬২৫ | ১২০ |
| ৩ | ৭৬৩৯০০১৮৮ | দাদাপুর মৎস্যজীবি স.স.লি. | ৫ | ০৬/০১/১০ | ঈশ্বরদী | পাবনা | ১৮০০ | ১১৭০ | ১১৭০ | ১২০ |
| ৪ | ৭৬৩৯০০১৮৯ | বাঁশেরবাদা মৎস্যজীবি স.স.লি. | ১৬৭ | ১৮/১০/০৯ | ঈশ্বরদী | পাবনা | ১২০০ | ৭৮০ | ৭৮০ | ৪৭ |
| ৫ | ৭৬৩৯০০১৯০ | অরনকোলা মৎস্যজীবি স.স.লি. | ২২ | ৩১/০১/১০ | ঈশ্বরদী | পাবনা | ২০০০ | ১৩০০ | ১৩০০ | ২২ |
| ৬ | ৭৬৩৯০০১৯১ | মূলাডুলি মৎস্যজীবি স.স.লি. | ১৭২ | ১৫/০৩/১২ | ঈশ্বরদী | পাবনা | ১০০০ | ৬৫০ | ৬৫০ | ৩৩ |
| ৭ | ৭৬৩৯০০১৯২ | পাকশী ইপিজেড মোড় কুলি শ্রমিক স.স.লি. | ৫৩ | ৩১/০৭/০৮ | ঈশ্বরদী | পাবনা | ২০০০ | ১৩৬০ | ১৩৬০ | ৭১ |
| ৮ | ৭৬৩৯০০১৯৯ | ঈশ্বরদী খাদ্যগুদাম কুলি শ্রমিক স.স.লি. | ৭৭ | ২৫/০৪/৮৫ | ঈশ্বরদী | পাবনা | ২০০০ | ১৩৬০ | ১৩৬০ | ৭০ |
| ৯ | ৭৬৩৯০০২৩৯ | রামচন্দ্রপুর বিত্তহীন আদিবাসী স.স.লি. | ১ | ০১/০৭/১৫ | ঈশ্বরদী | পাবনা | ৫০০ | ৩৪০ | ৩৪০ | ২১ |
| ১০ | ৭৬৩৯০০২৪০ | রূপালী মহিলা স.স.লি. | ৯৬ | ২০/১০/০৮ | ঈশ্বরদী | পাবনা | ১০০০০ | ৬৮০০ | ৬৮০০ | ১৮৩ |
| ১১ | ৭৬৩৯০০২৪১ | সোনালী মহিলা স.স.লি. | ৯৭ | ২০/১০/০৮ | ঈশ্বরদী | পাবনা | ৫০০১ | ৩৪০১ | ৩৪০১ | ১২৫ |
| ১২ | ৭৬৩৯০০২৪২ | রুশ্নী মহিলা স.স.লি. | ১১৩ | ১৯/০৩/১৪ | ঈশ্বরদী | পাবনা | ১০২১ | ৬৯৪ | ৬৯৪ | ২০ |
| ১৩ | ৭৬৩৯০০২৪৩ | বহরপুর মধুমতি মহিলা স.স.লি. | ৫২ | ১০/০৫/০৯ | ঈশ্বরদী | পাবনা | ২২২৩৩ | ১৫১১৮ | ১৫১১৮ | ৩৩০ |
| ১৪ | ৭৬৩৯০০২৪৪ | মৌবাড়ী একতা মহিলা স.স.লি. | ৭০ | ২৬/০৫/০৯ | ঈশ্বরদী | পাবনা | ২৬৮৭৪ | ১৮২৭৪ | ১৮২৭৪ | ৩২১ |
| ১৫ | ৭৬৩৯০০২৪৫ | মৌবাড়ী পদ্মা মহিলা স.স.লি. | ৭২ | ২৬/০৫/০৯ | ঈশ্বরদী | পাবনা | ৫২২৪ | ৩৫৫২ | ৩৫৫২ | ২৪৫ |
| ১৬ | ৭৬৩৯০০২৪৬ | সাজিপাড়া শতরূপা মহিলা স.স.লি. | ৫৩ | ১০/০৫/০৯ | ঈশ্বরদী | পাবনা | ১১৯৮১ | ৮১৪৭ | ৮১৪৭ | ২৮৩ |
| ১৭ | ৭৬৩৯০০২৪৭ | বাঘইল সবুজ মহিলা স.স.লি. | ৫৪ | ১০/০৫/০৯ | ঈশ্বরদী | পাবনা | ১৫৫৭২ | ১০৫৮৯ | ১০৫৮৯ | ১৬৮ |
| **সর্বমোট** | | | | | | | **১১২৯০৬** | **৭৬৪৬০** | **৭৬৪৬০** | **১৬৭৫** |

# পাকুড়িয়া প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি.

# একটি সফল দুগ্ধ উৎপাদনকারী সমবায় প্রতিষ্ঠান

**ভূমিকা**

পদ্মা বিধৌত পাবনা জেলার ঈশ্বরদীউপজেলার লক্ষীকুন্ডা ইউনিয়নে পাকুড়িয়া প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতির অবস্থান। সমিতির নিবন্ধন নম্বর- ৭৪ তারিখ- ২৮ নভেম্বর ২০০৭, সংশোধিত নিবন্ধন নম্বর- ০১ তারিখ ১৭ জুলাই ২০১১। সমিতিটি ২০০৭ সালর পূর্ব থেকে সদস্যদের আর্থ সামাজিক উন্নয়নে দুগ্ধ উৎপাদন, সংগ্রহ, বিপনন, বিক্রয় কার্যক্রম করে চলেছে। সমিতিটিপাবনা জেলার ঈশ্বরদী উপজেলায় উৎপাদনকারী ও ভোক্তাদের মধ্যে সরাসরি পরিপূরক সম্পর্ক স্থাপনের মাধ্যমে দুগ্ধ পণ্যের ব্যাপক চাহিদা পূরণ করে ইতোমধ্যে ভূয়সী প্রশংসা অর্জন করেছে।

**সমিতি গঠনের প্রেক্ষাপট**

২০০৭ সালে সমিতিটি নিবন্ধিত হলেও পথচলা শুরু তারও আগে থেকে। সমিতির বর্তমান সভাপতি জনাব মো. আমিরুল ইসলামের নেতৃত্বে কতিপয় বেকার যুবক গবাদী পশু পালন, দুগ্ধ সংগ্রহ ও বিক্রয়ের মাধ্যমে বেকারত্ব দূরকরণ ও আর্থ সামাজিক উন্নয়নে নিজেদের নিয়োজিত করেন। ২০০৬ সালে সংগঠিত হবার পর থেকে সমিতিটি উত্তরোত্তর উন্নতি লাভ করে যাচ্ছে।

**সমিতির লক্ষ ও উদ্দেশ্য**

মান সম্মত দুগ্ধ উৎপাদনও বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি.(মিল্ক ভিটা) এ দুগ্ধ সরবরাহ করা ।আধুনিক পদ্ধতিতে উন্নত জাতের গবাদী পশুপালন ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা করা মিতব্যয়িতা ও সঞ্চয় এর মাধ্যমে মূলধন গঠন এবং এর যথাযথ ব্যবহার নিশ্চিত করে সদস্যদের আর্থ সামাজিক উন্নয়ন সাধন করা বিভিন্ন গ্রাম উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা। সমিতিটি নিবন্ধনের পর হতে এ পর্যন্ত তার লক্ষ্য উদ্দেশের বেশির ভাগই বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে।

**সদস্য সংখ্যা**

৩০/০৬/২০২২ খ্রিস্টাব্দ তারিখে সমিতির মোট সদস্য সংখ্যা ছিল ১০০ জন। সদস্য রেজিস্টার সমিতিতে সংরক্ষণ করা হয় এবং উহা নিয়মিত হালনাগাদ করা হয়। সমিতি কর্তৃপক্ষ সদস্য ভর্তি ও বাতিলের ক্ষেত্রে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন আইন ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা অনুসরন করে থাকেন। সকল সদস্যই সমিতি হতে আর্থিকভাবে উপকৃত হচ্ছেন।

**সমিতির উৎপাদন মূলক কার্যক্রম**

পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার লক্ষীকুন্ডা ইউনিয়নের ০৭টি গ্রাম সমিতির সভ্য নির্বাচনী ও কর্ম এলাকার অন্তর্ভুক্ত। বর্তমানে সমিতির সদস্য সংখ্যা ১০০ জন। অথ্যাৎ ১০০ টি পরিবার গাভীপালন ও দুগ্ধ উৎপাদনের সাথে নিজেদের শামিল করেছেন। সমিতির সদস্যদের গবাদী পশুর মোট সংখ্যা প্রায় ২১০০টি তার মধ্যে গাভীর সংখ্যা প্রায় ৭০০ টি এবং দুগ্ধ বতী গাভীর সংখ্যা প্রায় ৩৫০ টি। সমিতির দৈনিক দুগ্ধ উৎপাদন গড়ে প্রায় ১৬০০ থেকে ১৭০০ লিটার। বছরের দুগ্ধ উৎপাদন গড়ে প্রায় ৬,২০,৫০০ লিটার। যার বাজার মূল্য প্রায় ৩কোটি টাকা।

**পুজি গঠন**

নিবন্ধনের পর হতে এ পর্যন্ত সদস্যদের শেয়ার মূলধনের পরিমান ২৬,৯০০ টাকা, কতনকৃত শেয়ার ৬,৭৫,৩৩৭ টাকা, সঞ্চয় ৭১,৯০০ টাকা । অন্যদিকে মিল্ক ইউনিয়নে শেয়ার জমার পরিমাণ ১১,১০,৫৯২ টাকা । সঞ্চয়ী হিসাবে জমা ৪৫,২৫০ টাকা। কমিশন হিসাবে জমার পরিমাণ ১,৪৭,৬১৯ টাকা। সমিতির সংরক্ষিত তহবিলের পরিমাণ ২,২৩,০৮৬ টাকা।

**ঋণ বিনিয়োগ**

সমিতি কেন্দ্রীয় সমিতি হতে ২২,৫০,০০০ টাকা গাভী ঋণগ্রহণ করে ২১ জন সদস্যের মধে তা বিতরণ করেছে। ইতিমধ্যে সকল টাকা আদায় করে কেন্দ্রীয় সমিতিতে পরিশোধ করেছে এবং এ খাতে কোন দেনা নাই। বাড়তি দুধের মূল্য হিসাবে সমিতি এ পর্যন্ত সদস্যদের মাঝে ৬,৮৬,০০০ টাকা বিতরণ করেছ। সম্পুরক দুগ্ধ মূল্য হিসাবে সমিতি সদস্যদের মাঝে এ পর্যন্ত প্রায় ২৫,০০,০০০ টাকা বিতরণ করেছে। গবাদী পশুর উন্নয়নে সমিতি কেন্দ্রীয় সমিতিতে অর্থ বৎসরে ১,৬৩,০০০ টাকা জমা প্রদান করেছে। কেন্দ্রীয় সমিতির চিকিৎসক দল কর্তৃক সমিতির গবাদি পশুর উন্নয়নে সেবা প্রদান করা হচ্ছে।

**সমিতির সদস্যগনের প্রশিক্ষণ**

সমবায় অধিদপ্তর কর্তৃক ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মসূচি, আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাংলাদেশ সমবায় একাডেমী, মিল্ক ভিটা, স্থানীয় প্রাণী সম্পদ দপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীতে সদস্যগণের অংশগ্রহন স্বত:স্ফুর্তভাবে অংশ গ্রহণ করে থাকে। এছাড়াও সদস্যগন বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে প্রশিক্ষণ লব্ধজ্ঞান পেশাগত কাজে ব্যবহার করে দিনদিন উন্নতি লাভ করছে।

**সমিতির অন্যান্য কার্যাদি সম্পাদন**

সমিতি সদস্যদের উৎপাদিত দুগ্ধ সংগ্রহণ, মান নিয়ন্ত্রন মিল্ক ভিটা কর্তৃক স্থাপিত চিলিং সিন্টারে সরবরাহ বিল উত্তোলন সদস্যদের দুগ্ধ মূল্য পরিশোধ সম্পুরক দুগ্ধ মূল্য প্রদান, লভ্যাংশ বিতরণ, পশু সেবা নিশ্চিত করণ, বিভিন্ন গ্রামীণ সেবা প্রদান হিসাব, হিসাব সংরক্ষণ ইত্যাদি কার্যাদি সূচারু ভাবে সম্পাদন করছে। সমিতিতে নিয়মিত ব্যবস্থাপনা কমিটির সভানুষ্ঠান বার্ষিক সাধান সভানুষ্ঠান এবং নির্বাচন যথা সময়ে সম্পন্ন করা হচ্ছে।

**অথনৈতিক ও সামাজিক সমৃদ্ধ অর্জন**

সমিতি প্রতিষ্ঠার কারণে সমিতির কর্মএলাকার সদস্যদের আত্ন-কর্মসংস্থানেরসুযোগ সৃষ্টি হয়েছে। সমিতির সকল কার্যাদি সম্পাদন এবং হিসাবাদি সংরক্ষণের জন্য একজন ম্যানেজার এবং একজন সহকারী ম্যানেজার নিয়োগ প্রদান করে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে তাদের ১,১২,০০০ টাকা বেতনবোনাস বাবদ পরিশোধ করা হয়েছে। এছাড়াও একজন নিরাপত্তা প্রহরীকে বাৎসরিক ৭,৭০০ টাকা বেতন প্রদান করা হয়।

সমিতি সমবায় আইন বিধিমালা সমিতির উপ-আইন বিভাগীয় আদেশ-নির্দেশ প্রতিপালনে সচেষ্ট। নিয়মিত অডিট ফি (ভ্যাটসহ) সমবায় উন্নয়ন তহবির পরিশোধ করে । এ বাবদ সমিতির কোন বকেয়া নাই। বিভিন্ন জাতীয় দিবস উদযাপনে সমিতির অংশ গ্রহন স্ব:স্ফুর্ত।

সমিতির কার্যক্রমে সদস্যদের দৃশ্যমান অগ্রগতির মধ্যে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন ব্যবহার, অন্তত ১৫ টি পারিবারে বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও ব্যবহার এবংগৃহস্থালি উন্নয়ন উল্লেখযোগ্য। সমিতির মাধ্যমে সদস্যদের মাধ্যমে সদস্যদের প্রায় প্রতিটি বাড়ীতেই একেকটি গো-খামার গড়ে উঠেছে। বিশেষ করে সভাপতি জনাব মো. আমিরুল ইসলাম এর খামার এখন জাতীয় পর্যায়ে পরিচিত লাভ করেছে। বর্তমানে তারখামারে গরুর সংখ্যা ৮৭ টি। গাভীর সংখ্য ৫০ টি, তার মধ্যে দুগ্ধবতী গাভীর সংখ্যা ৩২টি। দুগ্ধবতী গাভী থেকে তিনি দৈনিক গড়ে প্রায় ৩০০-৩২০ লিটার দুগ্ধ সংগ্রহ করেন। তিনি একজন সফল উদ্দোক্তা । তাঁর খামারে ৭ জন লোকের কর্মসংস্থানের সুয়োগ সৃষ্টি হয়েছে। তাঁর প্রচেষ্টায় স্থানীয় ভবে ছোট বড় অনেক খামার গড়ে উঠেছে। যা আত্ন- কর্মসংস্থান ও পল্লী উন্নয়নে ভুমিকা রাখছে। কর্মসংস্থান সৃষ্টি দারিদ্র হ্রাস ও মেধাবী জাতি গঠনে সহায়তার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তাঁকে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪১৮ প্রদান করেন। এছাড়াও তিনি জেলা ও বিভাগীয় পর্যায়ে বিভিন্ন পুরস্কার লাভ করেন। গত ৭ এপ্রিল ২০১৪ তারিখে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্টের সাবেক রাষ্টদূত মি. ড্যান ডব্লিউ মজিনা। আমিরুল ইসলামের খামার পরিদর্শন করেন এবং ভুয়সী প্রশংসা করেন। তাঁর প্রচেষ্টায় অনুপ্রাণিত হয়ে অনেকেই এখন খামার গড়ে তলছেন এবং ঈশ্বরদী উপজেলায় ১৮ টি প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি গড়ে উঠেছে। উল্লেখ্য যে, জনাব আমিরুল ইসলাম ২০১৩ সালে শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে জাতীয় সমবায় পুরস্কার লাভ করেন।

গবাদী পশু প্রতিপালন ক্রয়- বিক্রয় দুগ্ধ উৎপাদন ও সরবরাহের মাধ্যমে সমিতিটি দেশের আমিষের চাহিদা পূরনে ক্ষুদ্র পরিসরে হলেও অবদান রাখছে। সামষ্টিক অর্থনীতেতেও অবদার রাখছে।

সৎ ও যোগ্য ব্যবস্থাপনা, আগ্রহী সদস্য এবং দক্ষ কর্মচারীর সম্বনয় সমিতির সাফল্যের অন্যতম কারণ।

বিশেষ করে সমিতির সভাপতি জনাব মো. আমিরুল ইসলাম একজন উদ্যোমী ব্যক্তি। তাঁর প্রচেষ্টা এবং পরিচালনায় সমিতিটি ক্রমাগত উন্নতি লাভ করছে।





৭। <u>অডিট ফি ও সিডিএফ প্রদান</u>

পাকুড়িয়া প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি: এর পুঞ্জিভুত অবন্টিত লাভ রয়েছে ৬৫০৭৫৬/-টাকা । সর্বশেষ ২০২১-২০২২ সালে অডিট সমাপ্ত করেছেন এবং সমিতিটিতে ২৪১৮৬/-টাকা  নীটলাভ অর্জিত হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে সিডিএফ বাবদ ৭২৬/-টাকা, অডিট ফি ২৪২০/-টাকা প্রদান করেছেন। অত্র সমিতি নিয়মিত অডিট সম্পাদন করে থাকে এবং প্রতি বছর অডিট ফি ও সিডিএফ পরিশোধ করে।

**১১। দুগ্ধ উৎপাদনের মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়নে অবদানের সীকৃতি স্বরুপবিভিন্ন পুরস্কার গ্রহনের <u>ছবি</u>**




পাকুড়িয়া প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি: পরিদর্শনে জনাব মো: আব্দুল মজিদ, যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী, জনাব সোলাইমান বেগ, জেলা সমবায় অফিসার, পাবনা, জনাব মো: আমজাদ হোসেন, উপজেলা সমবায় অফিসার, ঈশ্বরদী, পাবনা এবং সমিতির সভাপতি সহ অন্যান্য সদস্যগন উপস্থিত ছিলেন।





পাকুড়িয়া প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি: এর আত্নসামাজিক উন্নয়ন ও আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সম্মাননা পুরস্কার প্রদান করছেন জনাব শামসুর রহমান শরীফ ডিলু (সাবেক সংসদ সদস্য ও ভুমি মন্ত্রি) এবং মার্কিন রাস্টদুত ড্যান মজিলা ।





পাকুড়িয়া প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লি: এর সভাপতির নিকট সমবায় দিবসে শ্রেষ্ঠ সমবায় সমিতির পুরস্কার প্রদান করছেন জনাব মো আমজাদ হোসেন, উপজেলা সমবায় অফিসার, ঈশ্বরদী, পাবনা এবং জনাব মো. মোকলেসুর রহমান মিন্টু,চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরদী, পাবনা।



৩০/০৬/২০২৩
(আকন্দ রাঝেউল্লাহ মানিক)
উপজেলা সমবায় অফিসার
ঈশ্বরদী, পাবনা।